

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭২০

পর্ব-১১: হজ (এআনা باتك)

পরিচ্ছেদঃ ১৪. প্রথম অনুচ্ছেদ - মক্কার হারামকে আল্লাহ তা'আলা কর্তৃক সংরক্ষণ প্রসঙ্গে

بَابُ حَرَمٍ مَكَّةَ حَرَسَهَا اللهُ تَعَالَى

#### আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «يَغْزُو جَيْشُ الْكَعْبَةَ فَإِذَا كَانُوا بِبَيْدَاءَ مِنَ الْأَرْضِ يُخْسَفُ بِأَوَّلِهِمْ وَآخِرِهِمْ». قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ وَكَيْفَ يُخْسَفُ بِأَوَّلِهِمْ وَآخِرِهِمْ». قُلْتُ: يَا رَسُولَ اللَّهِ وَكَيْفَ يُخْسَفُ بِأَوَّلِهِمْ وَآخِرِهِمْ قُمُّ يُبْعَثُونَ عَلَى بِأُولَ عَلَى اللَّهِ وَأَخِرِهِمْ قُمَّ يُبْعَثُونَ عَلَى نِيَّاتِهِمْ»

نِيَّاتِهِمْ»

### বাংলা

২৭২০-[৬] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুলাহসাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (শেষ জামানায়) কাবা ঘর ধ্বংস করার জন্য এক বিশাল বাহিনী রওয়ানা হবে। কিন্তু যখন তারা এক সমতল ময়দানে এসে পৌঁছবে, তাদের প্রথম থেকে শেষ পর্যন্ত সকলকেই জমিনে ধসিয়ে দেয়া হবে। 'আয়িশাহ্ (রাঃ) বলেন, আমি জিজ্ঞেস করলাম, হে আল্লাহর রস্ল! কি করে তাদের প্রথম থেকে শেষ ব্যক্তিটি পর্যন্ত ধসিয়ে দেয়া হবে, তাদের মধ্যে বাজার থাকবে এবং এমন লোকও থাকবে যারা এদের দলভুক্ত নয়। তিনি (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, নিশ্চয়ই তাদের প্রথম থেকে শেষ পর্যন্ত সকলকে ধসিয়ে দেয়া হবে। তবে তাদেরকে (কিয়ামতের দিন) প্রত্যেকের নিয়্যাত অনুসারেই উঠানো হবে। (বুখারী, মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ২১১৮, মুসলিম ২৮৮৪, সহীহ আত্ তারগীব ১১, সহীহ ইবনু হিব্বান ৬৭৫৫, সহীহ আল জামি' ৮১১৪।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (فَإِذَا كَانُوا بِبَيْدَاءَ مِنَ الْأَرْضِ) "যখন তারা বায়দা-তে পৌঁছবে।" মূলত বায়দা বলা হয় এমন স্থানকে



যেখানে কোন কিছুই নেই। 'আল্লামা 'আয়নী বলেনঃ অত্র হাদীসে বায়দা বলতে মক্কা ও মদীনার মাঝে নির্দিষ্ট একটি স্থানকে বুঝানো হয়েছে।

(يُخْسَفُ بِأُوَّلِهِمْ وَأَخِرِهِمْ) "তাদের সবাইকে ধ্বসিয়ে দেয়া হবে", অর্থাৎ- ঐ বাহিনীর সবাই জমিনের মধ্যে দেবে যাবে।

(وَفِيهِمْ أَسُواقُهُمْ) "তাদের মাঝে বাজার থাকবে", অর্থাৎ- বাজারের লোকজন যারা বেচা-কেনাতে মশগুল।

وفي رواية مسلم ((فقلنا: إن الطريق قد يجمع الناس، قال: نعم فيهم المستبصر والمجبور وابن السبيل)

মুসলিমের বর্ণনায় আছে, আমরা বললামঃ রাস্তা বিভিন্ন ধরনের লোক একত্রিত করে। তিনি বললেনঃ হ্যাঁ। তাদের মধ্যে স্বজ্ঞানে অংশগ্রহণকারী লোক রয়েছে যারা জেনে-বুঝে ঐ বাহিনীতে যোগদান করেছে। আবার কিছু লোক রয়েছে যারা মজবুর, অর্থাৎ- তারা স্বেচ্ছায় যোগদান করেনি। তাদেরকে যোগদান করতে বাধ্য করা হয়েছে। আর কিছু আছে পথিক, অর্থাৎ- তারা ঐ রাস্তায় চলার কারণে তাদের সাথে মিলিত হয়েছিল কিন্তু তাদের লোক নয়।

(क्रेंगे प्रथित । অর্থাৎ - ''অতঃপর তাদেরকে তাদের নিয়্যাত অনুযায়ী উঠানো হবে।'' 'আল্লামা 'আয়নী বলেনঃ খারাপ লোকদের সঙ্গী হওয়ার কারণে সকলকেই ধ্বংস করা হবে। অতঃপর হাশরের ময়দানে তাদের কর্মের নিয়্যাত অনুযায়ী পুনরুখান করা হবে। যাদের নিয়্যাত ভাল ছিল তাদেরকে ভালো লোকদের অন্তর্ভুক্ত করা হবে। আর যাদের নিয়্যাত খারাপ ছিল তাদেরকে খারাপ লোকদের অন্তর্ভুক্ত করা হবে এবং সে অনুযায়ী প্রতিদান দেয়া হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন